

অধ্যক্ষের কার্যালয়

গজভাগ আহম্মদ আলী উচ্চ বিদ্যালয় ও কলেজ  
পৃথিমপাশা, কুলাউড়া, মৌলভীবাজার।

স্থাপিত : ১৯৫৮ খ্রিঃ, কলেজ সেকশন অনুমোদন ২০১৫ খ্রিঃ

এমপিও কোড: ১৩০৩০২১৩০১, ইআইআইএন নং-১২৯৬৩৩, বিদ্যালয় কোড: ২৩৬৭, কলেজ কোড: ৫০২১

মোবাইল নং: ০১৭২০-৪৩৮৭৪৪, ই-মেইল : [principalgaahsc58@gmail.com](mailto:principalgaahsc58@gmail.com)

সূত্র :

তারিখ : ০২/১১/২০২৩ খ্রিঃ

অভিভাবক সভার কার্যবিবরণী


অন্য ০২/১১/২০২৩ ইং তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় গজভাগ আহম্মদ আলী উচ্চ বিদ্যালয় ও কলেজের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন প্রসঙ্গে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীর শিক্ষার্থীদের অভিভাবকবৃন্দ বিদ্যালয়ের শিক্ষকমন্ডলী ও উল্লেখিত দুই শ্রেণীর শিক্ষার্থীবৃন্দের উপস্থিতিতে বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব মো: তাজুল ইসলাম এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়।

সভায় গৃহিত প্রস্তাবাবলী:

- ১। সভায় জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে নতুন শিক্ষা কারিকুলাম এর সার্বিক দিক পাঠক্রমে উপস্থাপন করা হয় এবং উক্ত কারিকুলাম এর সমূহ বিষয়ে অভিভাবকদেরকে সুস্পষ্ট ধারণা দেওয়া হয়।
- ২। নতুন কারিকুলাম অনুযায়ী শিক্ষার্থীদের শিখন কার্যের ষান্মাসিক ও বাৎসরিক সামষ্টিক মূল্যায়ন পদ্ধতির আলোকে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত বিষয়ে সম্মানীয় অভিভাবকদের নানাবিধ প্রশ্নের সমাধান দেওয়া হয় এবং অভিভাবকরা নতুন শিক্ষা কারিকুলাম সম্পর্কে তাঁদের বিভ্রান্তি দূর করতে সক্ষম হন।
- ৩। নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষক, অভিভাবক, প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষার্থীদের করণীয় দায়িত্ব-কর্তব্য সংক্রান্ত বিষয়াবলী সভায় উপস্থাপন করা হয়।
- ৪। নতুন শিক্ষাক্রম নিয়ে অপপ্রচারে বিভ্রান্ত না হওয়ার জন্য সরকারীভাবে প্রাপ্ত "নতুন শিক্ষাক্রম নিয়ে অপপ্রচারে বিভ্রান্ত হবেন না", শিরোনামের পত্রখানা/ নির্দেশপত্র সভায় পাঠক্রমে উপস্থাপন করা হয় এবং উক্ত পত্রখানা অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয়।
- ৫। নতুন কারিকুলাম এর আলোকে বক্তব্য আকারে অভিভাবকদের পক্ষ থেকে সম্মানীয় কয়েকজন অভিভাবকদের মতামত গ্রহণ করা হয় এবং তাদের উপস্থাপিত বিষয়াবলীর আলোকে সভায় আলোচনান্তে সন্তোষজনক সমাধান দেওয়া হয়।
- ৬। বিদ্যালয়ে শিক্ষার্থীরা নিয়মিত শ্রেণি কার্যক্রমে অংশ গ্রহন করার ক্ষেত্রে অভিভাবকগণ আরোও আন্তরিকতার সাথে ভূমিকা পালন করার জন্য তাঁদেরকে সভা কর্তৃক বিশেষভাবে অনুরোধ জ্ঞাপন করা হয়।

অতপর উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।



  
মোঃ তাজুল ইসলাম  
অধ্যক্ষ  
ইনডেক্স নং-১২৯১১৯  
গজভাগ আহম্মদ আলী উচ্চ বিদ্যালয় ও কলেজ  
পৃথিমপাশা, কুলাউড়া, মৌলভীবাজার।  
মোবাইল ০১৭২০-৪৩৮৭৪৪